

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৬১৫

88/ সাহাবাগণের মর্যাদা (كتاب فضائل الصحابة)

পরিচ্ছেদঃ ৪৪/৩৩. আবদুল্লাহ বিন সালাম (রাঃ)-এর মর্যাদা।

من فضائل عبد الله بن سلام رضي الله تعالى عنه

আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ سَلَامٍ عَنْ قَيْسِ بْنِ عُبَاد، قَالَ: كُنْتُ جَالِسًا فِي مَسْجِدِ الْمَدِينَةِ، فَدَخَلَ رَجُلٌ مِنْ أَهْلِ الْجَنَّةِ فَصَلَّى رَكْعَتَيْن، فَدَخَلَ رَجُلٌ مِنْ أَهْلِ الْجَنَّةِ فَصَلَّى رَكْعَتَيْن، تَجَوَّزَ فِيهِمَا، ثُمَّ خَرَجَ وَتَبِعْتُهُ، فَقُلْتُ: إِنَّكَ حِينَ دَخَلْتَ الْمَسْجِدَ، قَالُوا: هذَا رَجُلٌ مِنْ أَهْلِ الْجَنَّةِ قَالَ: وَاللهِ مَا يَنْبَغِي لأَحَد أَنْ يَقُولَ مَا لاَ يَعْلَمُ وَسَأُحَدَّتُكَ لِمَ ذَاكَ رَأَيْتُ رُوئَيَا أَهْلِ الْجَنَّةِ قَالَ: وَاللهِ مَا يَنْبغِي لأَحَد أَنْ يَقُولَ مَا لاَ يَعْلَمُ وَسَأُحَدَّتُكَ لِمَ ذَاكَ رَأَيْتُ رُوئَيَا عَهْدِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَصَصَعْتُهَا عَلَيْهِ وَرَأَيْتُ كَأَنِّي فِي رَوْضَةٍ (ذَكَرَ عَلَى عَهْدِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَصَصَعْتُهَا عَلَيْهِ وَرَأَيْتُ كَأَنِّي فِي رَوْضَةٍ (ذَكَرَ مِنْ سَعَتِهَا وَخُصْرَتِهَا) وَسُطَهَا عَمُودُ مِنْ حَدِيد، أَسْفَلُهُ فِي الأَرْضِ وَأَعْلاَهُ فِي السَمَاءِ فِي أَعْلاهُ فِي السَّمَاءِ فَي أَعْلاهُ عَرُوهَ قَقِيلَ لَهُ أَنْ مُولِكَ الْعُرُوةِ فَقِيلَ لَهُ أَنْ الْعُرُومَ وَقَيلَ لَهُ السَّمَاء مَوْدَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: تِلْكَ الرَّوْضَةُ الْإِسْلاَمُ، وَإِلْكَ الْعُرُوةُ عُرُوهُ الْوَتْقي فَأَنْتَ عَلَى الرَّوْضَةُ الإِسْلاَمُ، وَتِلْكَ الْعُرُوةُ عُرُوةُ الوَتْقي فَأَنْتَ عَلَى الإِسْلاَمِ حَتَّى تَمُوتَ وَذَلِكَ النَّعَمُودُ عَمُودُ الإِسْلاَمِ، وتِلْكَ الْعُرْوَةُ عُرْوَةُ الوَتْقي فَأَنْتَ عَلَى الإِسْلاَمِ حَتَّى تَمُوتَ وَذَلِكَ الرَّجُلُ عَبْدُ اللهِ بْنُ سَلَامٍ

বাংলা

১৬১৫. কায়স ইবনু উবাদ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি মদীনাহর মসজিদে উপবিষ্ট ছিলাম। তখন এমন এক ব্যক্তি মসজিদে প্রবেশ করলেন যার চেহারায় বিনয় ও নমতার ছাপ ছিল। লোকজন বলতে লাগলেন, এ ব্যক্তি জান্নাতীগণের একজন। তিনি হালকাভাবে দুরাকত সালাত আদায় করে মাসজিদ হতে বেরিয়ে এলেন। আমি তাকে অনুসরণ করলাম এবং তাঁকে বললাম, আপনি যখন মসজিদে প্রবেশ করছিলেন তখন লোকজন বলাবলি করছিল যে, ইনি জান্নাতবাসীগণের একজন। তিনি বললেন, আল্লাহর কসম কারো জন্য এমন কথা বলা উচিত নয়, যা সে জানে না। আমি তোমাকে আসল কথা বলছি কেন তা বলা হয়। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যমানায় একটি স্বপ্ন দেখে তাঁর নিকট বর্ণনা করলাম। আমি দেখলাম যে, আমি যেন একটি বাগানে



অবস্থান করছি; বাগানটি বেশ প্রশস্ত, সবুজ। বাগানের মধ্যে একটি লোহার স্তম্ভ যার নিম্নভাগ মাটিতে এবং উপরিভাগ আকাশ স্পর্শ করেছে; স্তম্ভের উপরে একটি শক্ত কড়া সংযুক্ত রয়েছে।

আমাকে বলা হল, উপরে উঠ। আমি বললাম, এটাতো আমার সামর্থের বাইরে। তখন একজন খাদিম এসে পিছন দিক হতে আমার কাপড়সহ চেপে ধরে আমাকে উঠতে সাহায্য করলেন। আমি উঠতে লাগলাম এবং উপরে গিয়ে আংটাটি ধরলাম। তখন আমাকে বলা হল, শক্তভাবে আংটাটি ধর। তারপর কড়াটি আমার হাতের মুঠায় ধরা অবস্থায় আমি জেগে গেলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট স্বপ্পটি বললে, তিনি বললেন, এ বাগান হল ইসলাম, আর স্তম্ভটি হল ইসলামের খুঁটি, আর খুঁটিসহ কড়াটি হল উরুয়াতুল উসকা (শক্ত ও অটুট কড়া) এবং তুমি আজীবন ইসলামের উপর কায়েম থাকবে। (রাবী বলেন) এ ব্যক্তি হলেন, আবদুল্লাহ ইবনু সালাম।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৩ আনসারগণের মর্যাদা, অধ্যায় ১৯, হাঃ ৩৮১৩; মুসলিম, পর্ব ৪৪ : সাহাবাগণের মর্যাদা, অধ্যায়, ৩৩, হাঃ নং ২৪৮৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ কায়স ইবনু 'উবাদ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন